

2020

ELECTIVE BENGALI

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

All questions are compulsory.

Question Nos. 1, 2, 3 & 4 are multiple choice type questions.

- ১। 'তুমি আর কেঁদো নাকো উড়ে উড়ে ধানসিঁড়ি নদীটির পাশে।' ধানসিঁড়ি- ১
- (ক) পশ্চিমবঙ্গের একটি নদী।
- (খ) পূর্ববঙ্গের একটি নদী।
- (গ) মণিপুরের একটি নদী।
- ২। বিখ্যাত ভাস্কর রোড্গা ছিলেন- ১
- (ক) ফরাসী দেশের অধিবাসী।
- (খ) জার্মান দেশের অধিবাসী।
- (গ) গ্রিস দেশের অধিবাসী।

P.T.O.

- ৩। 'মুকুট' নাটকটি কয় অঙ্কে বিভক্ত? ১
- (ক) তিন অঙ্কে।
- (খ) চার অঙ্কে।
- (গ) পাঁচ অঙ্কে।
- ৪। 'মেজদিদি' উপন্যাসের রচয়িতা- ১
- (ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
- (খ) রবীন্দ্রনাথ ঠাকুর।
- (গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।
- ৫। 'যে বাণী বিহঙ্গে আমি আনন্দে করেছি অভ্যর্থনা'-বিহঙ্গ' শব্দের অর্থ কী? ১
- ৬। 'ভালবাসার অত্যাচার' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কত প্রকার অত্যাচারের কথা বলেছেন? ১
- ৭। 'বুদ্ধ আমাদের জন্যই সংসার ত্যাগ করিয়াছেন।'—বুদ্ধদেব কোন ধর্মের প্রবর্তক? ১
- ৮। 'মুকুট' নাটকে ত্রিপুরার রাজকুমারদের মামাতো ভাইয়ের নাম কী? ১
- ৯। 'আমার ভাই হামচু রয়েছে, সৈন্যেরা তাকেই রাজা করবে।'—হামচু কার ভাই? ১
- ১০। কেপ্টর বৈমাত্র দিদি কাদম্বিনীর বাড়ি কোথায় ছিল? ১
- ১১। শব্দ অথবা ধ্বনির সাহায্যে যে সব অলঙ্কার সৃষ্টি করা হয় সে গুলোকে কী অলঙ্কার বলে? ১
- ১২। 'লয় মনে এই জনে বিদ্ধিবেক লক্ষ্য'—'এই জন' বলতে কাকে বোঝানো হয়েছে? কি উদ্দেশ্যে তিনি লক্ষ্যভেদ করতে অগ্রসর হয়েছিলেন? ২
- ১৩। 'বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই 'নবী'।—টীকা লেখ : নবী ২
- ১৪। 'পেঙ্গুইনের পঙ্গুদলে বিজ্ঞ ভাবে রয় চেয়ে'।—পেঙ্গুইন কী? এরা কোথায় থাকে? ২

- ১৫। কাব্যরস নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে প্রমথ চৌধুরীর মতে এর জন্য কারা দায়ী? ২
- ১৬। 'তিনি আসিয়া একটু ঝুঁকিয়া আগন্তকের মুখটা ভাল করিয়া অনেকক্ষণ নিরীক্ষণ করিলেন। তারপর বলিলেন, একেই তো আমরা খুঁজছি।'—কারা কাকে খুঁজছিলেন? ২
- ১৭। 'যুবরাজ ঠিক বলেছেন পুত্র। তোমার তীর সকলের আগে ছোটে এবং নির্ঘাত গিয়ে লাগে।'—কে কার সম্পর্কে এই কথাগুলো বলেছেন? ২
- ১৮। 'তীরে যখন তোমার নাম লেখা আছে তখন তোমাকে পুরস্কার দিতেই আমি বাধ্য।'—উক্তিটি কার? তীরে কার নাম লেখা ছিল? ২
- ১৯। 'কেষ্ট নবীনের ধান-চালের আড়তে কাজ করিতে লাগিল।'—নবীনের ধান-চালের আড়তে কেষ্টকে কী কী কাজ করতে হত? ২
- ২০। 'যাহার জন্য স্বামী-স্ত্রীতে এইমাত্র বিবাদ হইয়া গেল, অকস্মাৎ তাহাকেই সম্মুখে পাইয়া বিবাদের সমস্ত বিরক্তিটা তাহারই মাথায় গিয়া পড়িল।'—স্বামী-স্ত্রী কারা? কার জন্য স্বামী-স্ত্রীতে বিবাদ হয়েছিল? ২
- ২১। 'শিবু, একটা গরুর গাড়ি ডেকে আন, আমি বাপের বাঁড়ি যাব।'—কে কাকে সঙ্গে নিয়ে বাপের বাঁড়ি যাবার সঙ্কল্প করেছিলেন? ২
- ২২। বাংলা ছন্দে অক্ষর কাকে বলে? ২
- ২৩। ব্যাজস্তুতি অলঙ্কারের সংজ্ঞা লিখ। ২
- ২৪। 'ইহার মধ্যে কৈকেয়ীর কার্য স্বার্থপর এবং নৃশংস বলিয়া চির পরিচিত।'—কৈকেয়ী কে? তাঁর কোন কাজকে স্বার্থপর এবং নৃশংস বলা হয়েছে? ৩
- ২৫। 'আমরাই সংসারের গতি।'—'আমরা' কারা? তারা কেন সংসারের গতি? ৩
- ২৬। 'সুযোগ কি তীরের মুখে থাকে? সুযোগ বুদ্ধির ডগায়। তোমাকে কিন্তু একটি কাজ করতে হবে।'—কে কাকে কী কাজ করতে বলেছিলেন? ৩

- ২৭। 'শিলা কখনো জলে ভাসে না, বানরে কখনো সংগীত গায় না'—প্রসঙ্গ উল্লেখ করে ইশা খাঁর এই মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৩
- ২৮। 'যা মিথ্যা হওয়া উচিত ছিল এক এক সময় তাও সত্য হয়ে ওঠে।'—প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটি ব্যাখ্যা কর। ৩
- ২৯। বাংলা ছন্দ কত প্রকার ও কী কী? ৩
- ৩০। শ্লেষ অলঙ্কারের সংজ্ঞা লিখ ও উদাহরণ দাও। ৩
- ৩১। ব্যাখ্যা কর— ৪
 বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জানী।
 মোর মন পোড়ে জেহু কুস্তারের পণী।।
- ৩২। 'জীবন বৃথা গেল। বৃথা যাইতে দাও। অধিকাংশ জীবনই বৃথা যাইবার জন্য হইয়াছে।'—'পনেরো আনা' প্রবন্ধ অনুসরণে বক্তব্যটি ব্যাখ্যা কর। ৪
- ৩৩। সংক্ষিপ্ত পরিচয় দাও : যুবরাজ চন্দ্রমাণিক্য ৪
- ৩৪। মেজদিদির আরোগ্য কামনায় কেপ্ত বিশালাক্ষী ঠাকুরের মন্দিরে পূজো দিয়েছিল। এর জন্য তাকে কী শাস্তি ভোগ করতে হয়েছিল? ৪
- ৩৫। উপমেয় এবং উপমান কাকে বলে? উদাহরণ সহ আলোচনা কর। ৪
- ৩৬। 'কপোতাক্ষ নদ' সম্পর্কে কবি হৃদয়ের উপলব্ধির পরিচয় দাও। ৮
- ৩৭। অন্ধবিশ্বাস ও কুসংস্কার মানুষকে যে কত দুর্ভোগ ও বিপদে ফেলতে পারে 'দিবা দ্বিপ্রহরে' গল্পটির মধ্য দিয়ে বনফুল সেটিই বোঝাতে চেয়েছেন।—আলোচনা কর। ৮
- ৩৮। 'মেজদিদি' উপন্যাস অবলম্বনে কেপ্তর চরিত্র বৈশিষ্ট্য আলোচনা কর। ৮